মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.১২৫.০২.৩৪৭(অংশ-২).২০২০-৩০৭০ তারিখ- ১৭ /০৯/২০২০

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন সরাসরি নিয়োগযোগ্য রাজস্বখাতভুক্ত এবং অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজিত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | ০৪/১০/২০২০ তারিখে বয়স | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ট্রাফিক অফিসার<br>২২,০০০-৫৩,০৬০/- | ০২ | ৩০ বৎসর | ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)-সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২. | নিরাপত্তা উপ-পরিদর্শক<br>১০২০০-২৪৬৮০/- | ০২ | ৩০ বৎসর | ক) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০/সমমান থাকতে হবে।<br>খ) নিরাপত্তা কাজে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>গ) অস্ত্র বিষয়ে আনসারের ৭০(সত্তর) দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের সনদপ্রাপ্ত। |
| ৩. | মেকানিক (প্রকল্প)<br>১০২০০-২৪৬৮০/- | ০১ | ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০/সমমান থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট কোর্স পাস; এবং<br>গ) সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৪. | ড্রাইভার/ ফর্কলিফট অপারেটর (প্রকল্প)<br>১০২০০-২৪৬৮০/- | ০৩ | ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০/সমমান থাকতে হবে।<br>খ) হেভি মোটর ড্রাইভিং এর বৈধ লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>গ) ক্রেন চালক হিসাবে ০৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৫. | নিরাপত্তা হাবিলদার<br>৮৮০০-২১৩১০/- | ০৮ | ৩০ বৎসর | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০/সমমান থাকতে হবে।<br>খ) অস্ত্র বিষয়ে আনসারের ৭০(সত্তর) দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের সনদপ্রাপ্ত। |
| ৬. | নিরাপত্তা প্রহরী<br>৮২৫০-২০০১০/- | ১৬০ | ৩০ বৎসর | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০/সমমান থাকতে হবে।<br>খ) অস্ত্র বিষয়ে আনসারের ৭০(সত্তর) দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের সনদপ্রাপ্ত। |

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন ঠিকানাঃ www.mpajobsbd.com। অনলাইনে আবেদন শুরুর তারিখঃ **২০/৯/২০২০** তারিখ সকাল ১০.০০ ঘটিকা এবং শেষ সময় **০৪/১০/২০২০** তারিখ রাত্র ১২.০০ ঘটিকা।

০২। অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক সফলভাবে সাবমিট করার পর ফাইনাল কম্পিউটার প্রিন্ট আউট কপির সাথে মোংলা বন্দর কর্তৃপক্ষ এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে **১নং ক্রমিকের পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, ২ থেকে ৪নং ক্রমিকের পদের ক্ষেত্রে-১০০/-(একশত) টাকা এবং ৫ থেকে ০৬ নং ক্রমিকের পদের ক্ষেত্রে -৫০/-(পঞ্চাশ) টাকার** পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা- ৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর **১০/১০/২০২০** তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

চলমান পাতা-২

০৩। আবেদনকারী অনলাইন আবেদনের ০১(এক) কপি সংরক্ষণ করবে। অনলাইনে আবেদন ফরমপূরণ ব্যতিরেকে স্বহস্তে পূরণকৃত আবেদন গ্রহন করা হবে না। আবেদনপত্র ডাকযোগে অথবা কুরিয়ার যোগে প্রেরণ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। সংশ্লিষ্ট সকল সনদপত্রের (যদি থাকে) মূল সনদ ও ০১ কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে) মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে যা সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে।

০৫। বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

০৬। যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচী মবক এর ওয়েব সাইট- www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে। www.mpajobsbd.com থেকে প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষার সময় সাথে আনতে হবে।

০৭। ইতোপূর্বে এ পদে চাকুরীর জন্য যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের আবেদন বাতিল বলে গণ্য হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী তাদেরকে পুণরায় আবেদন করতে হবে।

০৮। দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিলসহ ঐ দরখাস্তকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। সরকারি ও অন্যান্য সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে ০৪/১০/২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর হবে।

১১। সরকারি ছাড়পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য প্রাসংগিক অনুমোদন(প্রকল্পের পদের ক্ষেত্রে পদ সংরক্ষণ) এবং প্রাক-পুলিশ প্রতিবেদন সন্তোষজনক প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হবে।

১২। কোন প্রকার তদবির/প্রভাব বিস্তার প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৩। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪। কোটা সংক্রান্ত বিষয়ে সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৫। অনলাইন আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীন হলে ০৪/১০/২০২০ তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত msoftbd@gmail.com ঠিকানায় যোগাযোগ করা যাবে।

১৭/০৯/২০

পরিচালক (প্রশাসন)